খাগড়াছড়িতে জাপান এশিয়া ফ্রেন্ডশিপ সোসইটির উদ্যোগে ত্রাণ বিতরণ

খাগড়াছড়ি প্রতিনিধি- খাগড়াছড়িতে জাপান এশিয়া ফ্রেন্ডশিপ সোসাইটির উদ্যোগে বন্যা দুর্গত এলাকায় অসহায়দের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ কর্মসুচি’২০২৪ পালন করা হয়েছে।
বুধবার (১৩ নভেম্বর) সকালে জাপান এশিয়া ফ্রেন্ডশিপ সোসাইটির উদ্যোগে, জাপান প্লাটফর্ম এর সহযোগিতাায়, বেসিক ডেভেলপমেন্ট পার্টনারস(বিডিপি) বাস্তবায়নে, স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগিতায় বন্যাকবলিত এলাকা মাটিরাঙ্গা উপজেলার গোমতি বলিচন্দ্র পাড়ায় ৫০০, মাটিরাঙ্গার চৌধুরী ঘাট, ওয়াচু পাড়ায় ৫০০ বন্যা ক্ষতিগ্রস্থদের মাঝে জরুরি খাদ্যসামগ্রী, ঔষধসহ অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদী বিতরণ করা হয়েছে।
এর আগে রাঙ্গামাটির সাজেকে ১হাজার, খাগড়াছড়ির মহালছড়ি উপজেলার মাইসছড়িতে ১হাজার, দীঘিনালায় ১হাজার, জেলা বিএনপির সভাপতি ওয়াদুদ ভূইয়ার সহযোগিতায় আরে ১০০ ক্ষতিগ্রস্ত পরিবারসহ মোট ৪হাজার ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। মানুষ মানুষের জন্য, দলমত, পাহাড়ি-বাঙ্গালী নির্বিশেষে জাতিগত ভেদাভেদের উর্ধে থেকে এসকল ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।
ত্রাণ সামগ্রীর মধ্যে ছিলো-১২কেজি চাল, ৩কেজি ডাল, ৩কেজি আলু, ২লিটার সোয়াবিন তেল, ১কেজি পিয়াজ, ১কেজি লবন, ২টি সাবান, ১টি ন্যাপকিন, ১০টি ব্যান্ডেজ, ৫টি খাবার স্যালাইন।
এসময় উপস্থিত ছিলেন- লাচিং মং আইজ্যাক মারী, প্রোগ্রাম কো- অর্ডিনেটর(বিডিপি), হৃদয় চাকমা(পালক), খাদিজা খানম এডমিন অফিসার, সলাভিয়া চাম্বু গং, লিজা বাড়ৈ প্রমূখ।